

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং- ১০.০০.০০০.১৩১.১১.০১৫.৯৩-৩৯

তারিখ : ২৩ চৈত্র ১৪৩২
০৬ এপ্রিল ২০২৬

বিষয়ঃ গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলার ০৭ নং ফজলপুর ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ আব্দুল মোত্তালেব এর নামীয় নিকাহ রেজিস্ট্রি লাইসেন্স সাময়িক স্থগিত প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আপনি জেলা রেজিস্ট্রার, গাইবান্ধা এর গত ২৫/০৮/২০২৪ খ্রি. তারিখে ৪৩০ নং স্মারকে প্রেরিত পত্রের নির্দেশনা মোতাবেক কাবিননামার জাবেদা নকল সরবরাহ না করায়, একই দপ্তরের গত ০৪/১২/২০২৪ খ্রি. তারিখে ৬৭১ নং স্মারকের পত্র এবং গত ০২/০২/২০২৫ খ্রি. তারিখের ৭৩ নং স্মারকের পত্র ইচ্ছাকৃতভাবে গ্রহণ না করায়, পরবর্তীতে মুঠোফোনে ও আপনার ছেলের মাধ্যমে আপনাকে জেলা রেজিস্ট্রারের কার্যালয়ে দালাল বহিসহ হাজির হতে বলা হলে যথা সময়ে হাজির না হয়ে স্থানীয় তত্ত্বাবধান ও নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষের বৈধ আদেশ অমান্য করায় এবং এ প্রসঙ্গে আপনার কারন দর্শানো জবাব সন্তোষজনক না হওয়ায় এবং তা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ৩৯(১) এর লঙ্ঘন তথা প্রকারান্তরে বিধি ১১(১) অনুযায়ী অসদাচরণের শামিল হওয়ায় একই বিধিমালায় বিধি ১১(৪) অনুযায়ী আপনার নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স ১২০ দিনের জন্য সাময়িক স্থগিত করা হলো। একইসাথে আলোচ্য অধিক্ষেত্রে সংলগ্ন অধিক্ষেত্রের কোন নিকাহ রেজিস্ট্রার-কে উল্লেখিত সময়ের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং স্থগিতকৃত নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ আব্দুল মোত্তালেব এর নিকট হতে দালাল বহিসহ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি জন্ম করে অতিরিক্ত দায়িত্ব প্রাপ্ত নিকাহ রেজিস্ট্রারের নিকট হস্তান্তর করে এ বিভাগকে অবহিত করার জন্য জেলা রেজিস্ট্রার, গাইবান্ধা-কে নির্দেশ প্রদান করা হলো।

স্বাক্ষর

(মোঃ আব্দুল ওয়াহাব)
সিনিয়র সহকারী সচিব

ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮

ইমেইল: section7@lawjusticediv.gov.bd

জেলা রেজিস্ট্রার,
গাইবান্ধা।

নং-১০.০০.০০০.১৩১.১১.০১৫.৯৩-৩৯

তারিখ : ২৩ চৈত্র ১৪৩২
০৬ এপ্রিল ২০২৬

বিবরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
২. মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৪. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. সহকারী প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (অনলাইন ডাটাবেজ হালনাগাদের অনুরোধসহ)।
৬. সাব-রেজিস্ট্রার, ফুলছড়ি, গাইবান্ধা।
৭. জনাব মোঃ আব্দুল মোত্তালেব, সাবেক নিকাহ রেজিস্ট্রার, ০৭ নং ফজলপুর ইউনিয়ন, ফুলছড়ি, গাইবান্ধা।
৮. অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ আব্দুল ওয়াহাব)
সিনিয়র সহকারী সচিব
০৬/০৪/২০২৬